

রগিত

আমি ও অ্যালকোহল

ভালো থাকার গায়ে কিছু অ্যালকোহল ছিটিয়ে দিই
তারপর নতুন আমেজে খেয়াপারাপার করা
রাত্রিবাগানে কিছু শিশিরস্নাত ইচ্ছেরা
পড়ে তাকে বারণাধারের সব পাথরের মতো।
বরণার কাছাকাছি গিয়ে নেশাগ্রস্ত হয়ে,
পেরিয় যাই ছন্দ-মাত্রায় যৌথ সীমানাদের।
অ্যালকোহল, তুমি ভালো রেখো ভালো থাকাদের।

ভয়

নেশাতুর রাতে ভালো থাকো রূপকথারা
ভালো থাক কাগজফুল, ফেলে আসা সন্ধ্যা
তুই আমি পেরিয়েছি অনন্ত সন্ধ্যামালতীপথ।
তারপরও টুথ অ্যান্ড ডেয়ার খেলায় কেউ বলিনি
সত্যি কথা, সাহসী হয়ে ভাঙিনি আঙুলের নিঃসঙ্গতা।

প্রার্থনা

পিয়াল ভট্টাচার্য

যদিও এসেছি, তবু মিশে আছি জল মাটি তৃণে
তোমাকে খোঁজার ছলে আড়াল রেখেছি প্রতিদিনে...

তুমিও আমায় বুঝি খুঁজে নিচ্ছে—ভেবে যায় প্রাণ
চরাচর জুড়ে বাজে অন্তরাগে ইমনকল্যাণ..

এইবার সন্ধে হবে, গেহ পথ..দূরে বাজে বাঁশি
মোহ ঘোর কেটে গিয়ে আমিও তো পথে ফিরে আসি

আর দেখি, চলে যাচ্ছে, ও মাধবী, সখী সঙ্গে তুমি
মধুমাস জেনে গেছে—বিষাদ আসলে মরশুমি...

প্রাণ তবু পুড়ে যায়, মাঝে মাঝে
একাকীত্বের আঁচে...

শমীজন্ম চাওয়া ছাড়া কিবা থাকে দৈবের কাছে।